



সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি

বাগেরহাট শাখা, বাগেরহাট

অর্থঋণ আদালত আইন, ২০০৩-এর ১২(৩) ধারার মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, বাগেরহাট শাখা, বাগেরহাট-এর খেলাপী বিনিয়োগ গ্রহীতা মেসার্স জাবেদ এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর-মোঃ শেখ জাবেদ আলী, পিতা-শেখ ইসমাইল উদ্দিন এবং মাতা-জবেদা বেগম, ব্যবসায়িক ঠিকানা: নাগেরবাজার, মাঝির ঘাট, মসজিদ রোড, বাগেরহাট। বর্তমান ও স্থায়ী ঠিকানা-হরিণখানা মেইন রোড, পোস্ট-পি সি কলেজ-৯৩০১, থানা ও জেলা-বাগেরহাট-এর নিকট তাহার গৃহীত বিনিয়োগ হিসাবে ইং ২০.০৭.২০২৬ তারিখ পর্যন্ত বকেয়া পাওনা ট ১১,৭১,৩৮,০০১.৮৮ (এগারো কোটি একাত্তর লক্ষ আটত্রিশ হাজার এক টাকা আটশি পয়সা) এবং আদায়কাল পর্যন্ত মুনাফা ও অনান্য খরচ আদায়ের নিমিত্তে অত্র ব্যাংকের অনুকূলে বন্ধককৃত ও আমমোজরনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য সিলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে। উল্লেখ্য, বিনিয়োগ গ্রহীতা মেসার্স জাবেদ এন্টারপ্রাইজ গৃহীত বিনিয়োগ-এর টাকা পরিশোধে বাধ্য হওয়ায় আইনের কূটতর্ক নিবারণার্থে অত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হইলো।

: শর্তাবলী :

- আগ্রহী দরদাতাগণ তাহার বা তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্রদাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সিলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্টাক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া আগামী ১১.১০.২০২৬ইং তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, বাগেরহাট শাখা, বাগেরহাট রক্ষিত দরপত্র ব্যাঙ্ক ফেলিবেন অথবা দরপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে উক্ত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাইতে হইবে এবং ঐদিনই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র ব্যাঙ্ক খোলা হইবে।
- প্রত্যেক দরদাতা উক্ত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উক্ত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উক্ত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যেকোন তফসিলী ব্যাংক হইতে সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, বাগেরহাট শাখা, বাগেরহাট-এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উক্ত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উক্ত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উক্ত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবে।
- উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উক্ত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আহ্বানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ-৩ এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত করা হইবে।
- দরদাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প, ডিউটি ও অন্যান্য গুরুত্বপূর্ণ খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।
- এক বা একাধিক তফসিলের বিপরীতে দরপত্র দাখিল করা যাইবে।
- কম জামানতসমেত/জামানতবিহীন/ক্রেটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- অসফল দরদাতার জামানত ফেরত দেওয়া হইবে।
- তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত কোন প্রতিষ্ঠান বা অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবে না।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম পরিলক্ষিত হইলে বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত দরপত্র গ্রহণে বাধ্য থাকিবে না এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ গৃহীত বা যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং অপরূপের এতদসংশ্লিষ্ট সকল বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ১২ এবং ধারা ৩৩ এর বিধান যত দূর সম্ভব অনুসরণীয় হইবে।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

সম্পত্তির তফসিল/ SCHEDULE OF THE MORTGAGED PROPERTY

মর্টগেজ ডিড অনুযায়ী/ As per Mortgage Deed

তফসিল সম্পত্তি

- জেলা-বাগেরহাট, থানা ও সাবরেজিস্ট্রি অফিস বাগেরহাট অধীন জেএল ১৫৪ নং হরিণখোলা মৌজায় সিএস খতিয়ান নং-৩১৭, এসএ খতিয়ান নং-৩৮০, দাগ নং-সিএস ও এসএ ৩৮৭, ৩৯২, ৮৯৯, ৯০৪, ৯০৫, ৯০৭ ও ৯২২ দাগে মোট ২৬ শতক জমি এবং উহার উপর নির্মিত ও নির্মিতব্য স্থাপনাদি। যাহার উত্তরে-শেখ রবিউল, দক্ষিণে-নিজ, পূর্বে-আতাহার হোসেন, পশ্চিমে-রাস্তা।
- জেলা-বাগেরহাট, থানা ও সাবরেজিস্ট্রি অফিস বাগেরহাট অধীন জেএল ১৫৪ নং হরিণখোলা মৌজায় সিএস খতিয়ান নং-১১৭, ১১৬, ৪১১, ১১, ১১৫, এসএ খতিয়ান নং-৮৪, ৮৩, ৩২০, ১০, ৮২, দাগ নং-সিএস ও এসএ ৮৯৭, ৮৭৮, ৮৯১, ৮৮০, ৮৮৯ ও ৮৯০ দাগে মোট ১২৫.৩২ শতক জমি এবং উহার উপর নির্মিত ও নির্মিতব্য স্থাপনাদি। যাহার উত্তরে-সলেমান শেখ, দক্ষিণে-সরকারি খাল (ড্রেন), পূর্বে-মজিদ পাইক, পশ্চিমে-দশানি পি সি কলেজ ক্রস রোড।
- জেলা-বাগেরহাট, থানা ও সাবরেজিস্ট্রি অফিস বাগেরহাট অধীন জেএল ১৫৬ নং সরুই মৌজায় সিএস খতিয়ান নং-৪৮৭, এসএ খতিয়ান নং-১০৫৬, ১১৫২, ১২৯৩, ১৩৯০, ১৪৮৪, ১৫৭৬, দাগ নং-সিএস ও এসএ ১৬১৮/১৭৩২ ও ১৬১৮ দাগে মোট ৫.৫০ শতক জমি এবং উহার উপর নির্মিত ও নির্মিতব্য স্থাপনাদি। যাহার উত্তরে-ড্রেন, দক্ষিণে-ধলু মল্লিক, পূর্বে-সাবেক এমপি দারু মিয়া, পশ্চিমে-বাবুল মল্লিক হোসেন।
- জেলা-বাগেরহাট, থানা ও সাবরেজিস্ট্রি অফিস বাগেরহাট অধীন জেএল ১৫৬ নং সরুই মৌজায় এসএ খতিয়ান নং-১৩৯০, ১৭৬০/১, দাগ নং-সিএস ও এসএ ১৬১৮, ১৬১৮/১৭৩২ ও ১৯৩০ দাগে মোট ৫ শতক জমি এবং উহার উপর নির্মিত ও নির্মিতব্য স্থাপনাদি। যাহার উত্তরে-পৌরসভার ড্রেন, দক্ষিণে-নিজ, পূর্বে-সোহেল, পশ্চিমে-নিজ।
- জেলা, থানা ও সাবরেজিস্ট্রি অফিস বাগেরহাট অধীন জেএল ১৫৪ নং হরিণখোলা মৌজায় সিএস খতিয়ান নং-১১৮২, এসএ খতিয়ান নং-৭৪, ৭০, ১৩, ২০০, ডিপি-৪৭৩, দাগ নং-সাবেক ৯৩৯/৮৭৩/৮৭৪, এসএ-৮৭০, ৮৭৩, ৮৭৪, ৮৭২, ৮৭৭/৯৩৯, ৮৯২, ৮৯৩, নতুন-১৫০৫, হাল-১৫০৮, ১৫০৯ মোট ৭০.৩৫ শতক জমি এবং উহার উপর নির্মিত ও নির্মিতব্য স্থাপনাদি। যাহার উত্তরে-লুৎফর রহমান, দক্ষিণে-রাস্তা, পূর্বে-পি সি কলেজ ক্রস রোড, পশ্চিমে- এসকেন্দার।

সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, বাগেরহাট শাখার পক্ষে

মোঃ বনী আমিন, এফএডিপি ও শাখা ব্যবস্থাপক

ফোন: ০১৭১৩-১৩৯০৮৮

বাগেরহাট শাখা, শালতলা, বাগেরহাট সদর, বাগেরহাট।